



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com



স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ/২০২১/৩৫৮৩(৫)

তারিখ : ১৯/০৮/২০২১ খ্রি.

**বিষয় : ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যবহারিক খাতা জমাদান সংক্রান্ত নির্দেশিকা।**

সূত্র : জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২৩১, তারিখ- ১২/০৮/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড ১৯ অতিমারির কারণে ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার পাঠ্যসূচী পুনর্বিদ্যাস করা হয়েছে। যে সব বিষয়ে ব্যবহারিক আছে সে সব বিষয়ে পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচিতে কি কি ব্যবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের শুধু নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিকের খাতা (নোট বুক) জমা নেওয়া প্রয়োজন।

এসএসসি পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের যে কোন ০২ (দুই) টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরী করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। একইভাবে এইচএসসি পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটির (যেগুলোতে ব্যবহারিক আছে) প্রতি পত্রের জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের দু'টি করে ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরী করে জমা দিবে।

ইতোমধ্যে যদি কোন শিক্ষার্থী ২০২১ সালের সংক্ষিপ্ত পাঠ্যসূচির আলোকে প্রতিপত্রে দুটির বেশী ব্যবহারিক কার্যক্রম সম্পন্ন করে থাকে তাহলেও শিক্ষার্থী ঐ ব্যবহারিক খাতা/নোট বুক জমা দিতে পারবে।

**বিষয়টি অতীব জরুরী।**

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে  
শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সকল প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক ও শিক্ষার্থী।

  
১৯/০৮/২০২১

প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। অফিস কপি।